অপর মামলা নং ১০৪/২০১৮ (বোয়ালখালী)

উপস্থিত ঃ- **মোঃ হাসান জামান, সিনিয়র সহকারী জজ,**

**বোয়ালখালী সহকারী জজ আদালত, পটিয়া, চট্টগ্রাম**

আদেশ নং- ২৪

তারিখ- ২৮/ ০৮/ ২০২৩ ইং

অদ্য একতরফা যুক্তিতর্ক শুনানীর জন্য দিন ধার্য আছে। বাদীপক্ষ হাজিরা দাখিল করেন।

অতপর নথি যুক্তিতর্ক শ্রবণের জন্য নেওয়া হলো। বাদীপক্ষের বিজ্ঞ কৌসুলির যুক্তিতর্ক শ্রবন করলাম।

পরবর্তীতে বেলা ২.৩০ ঘটিকায় আদেশের জন্য ধার্য করা হলো।

----এখন বেলা ২.৩০ ঘটিকা। বাদীপক্ষ কে হাজির পাওয়া গেল।

অতপর নথি আদেশের জন্য নেওয়া হলো।

বাদীপক্ষ আরজির তফসিলোক্ত সম্পত্তিতে স্বত্ব এবং উক্ত সম্পত্তি সম্পর্কিত বি এস খতিয়ান ভ্রমাত্বকভাবে রেকর্ড হয়েছে মর্মে ঘোষনামূলক ডিক্রীর প্রার্থনায় ১-৫ নং বিবাদীদের বিরুদ্ধে অত্র মামলা দায়ের করেন।

১-৫ নং বিবাদীর প্রতি সমন সঠিকভাবে জারি করা হলেও তারা অত্র মামলায় হাজির হতে ব্যর্থ হয়। যার প্রেক্ষিতে বিগত ২১/১০/২০২০ ইং তারিখের ১১ নং আদেশমূলে তাদের বিরুদ্ধে অত্র মামলা এক-তরফা শুনানীর জন্য ধার্য হয়।

বাদীপক্ষ তাহার মামলা প্রমানার্থে ০২ জন সাক্ষী **জহুর উল্লাহ কে P.W.-1** এবং নেছারুল হক কে **P.W.-2** হিসাবে উপস্থাপন করেছেন। বাদীপক্ষ দাবির সমর্থনে নিন্মবর্নিত কাগজাদি দাখিল করেন যথা ঃ

১। আর এস ৮৫৯ নং খতিয়ানের সি.সি প্রদর্শনী- ১

২। বি এস ৩২২৭ নং খতিয়ানের সি.সি প্রদর্শনী-২

৩। ০২/০৪/১৯৫৭ ইং তারিখের ২৪৫৫ নং কবলার সি.সি প্রদর্শনী-৩

৪। ২৯/০৩/১৯৫৮ ইং তারিখের ২১৪৭ নং কবলার সি.সি প্রদর্শনী-৪

৫। ০৯/০৯/১৯৮৭ ইং তারিখের ২৬৭৬ নং কবলার সি.সি প্রদর্শনী-৫

**জহুর উল্লাহ (P.W.-1)** এবং **নেছারুল হক (P.W.-2)** এর গৃহীত জবানবন্দি, নথি ও দাখিলকৃত কাগজাদি (প্রদর্শনী ১-৫) দেখলাম এবং পর্যালোচনা করলাম। সার্বিক পর্যালোচনায়

প্রতীয়মান হয় বাদীপক্ষ তাদের উপস্থাপিত সাক্ষ্য প্রমাণের মাধ্যমে নালিশী ভূমিতে তাদের মালিকানা স্বত্ব ও দখল প্রমাণ করতে সমর্থ হয়েছে। [

এখানে উল্লেখ করা আবশ্যক যে, বিবাদীপক্ষ অত্র মামলায় প্রতিদ্বন্ধিতা করার সুযোগ কাজে লাগাতে অবহেলায় করায়, বাদীপক্ষ হতে উপস্থাপিত মৌখিক ও দালিলিক প্রমাণাদি অলঙ্ঘনীয় প্রকৃতির বলে আমি বিবেচনা করি। এরুপ পরিস্থিতিতে উক্ত অবিসংবাদিত ও অবিকৃত সাক্ষ্যসমূহ গ্রহন করা এবং উক্ত অলঙ্ঘনীয় দালিলিক সাক্ষ্য ও আরজি বর্নিত বক্তব্যের উপর নির্ভর করা ব্যাতিরেকে আদালতের সম্মুখে বিকল্প কোন পথ খোলা নেই। সার্বিক বিবেচনায় বাদীপক্ষ তাহার আরজি প্রার্থিত মতে প্রতিকার পাবার হকদার বলে আমি মনে করি। সুতরাং অত্র মামলা ডিক্রিযোগ্য।

প্রদত্ত কোর্ট ফি সঠিক।

অতএব,

আদেশ হয় যে,

ঘোষনামূলক ডিক্রীর প্রার্থনায় আনীত অত্র মোকদ্দমা ১-৫ নং বিবাদীপক্ষের বিরুদ্ধে একতরফাসূত্রে বিনা খরচায় ডিক্রি হলো।

এই মর্মে ঘোষনা করা যাচ্ছে, নালিশী তফসিল বর্ণিত ৮ শতক ভূমিতে বাদীর উত্তম ও অপরাজেয় স্বত্ব রহিয়াছে এবং উক্ত ভূমি সম্পর্কিত বি.এস ৩২২৭ নং খতিয়ান ভুল ও অশুদ্ধভাবে লিপিবদ্ধ হইয়াছে যা বে-আইনী ও অকার্যকর এবং উহা বাদীর উপর বাধ্যকর নয়।

আমার স্বহস্তে লিখিত ও সংশোধিত

**(মোঃ হাসান জামান)**
সিনিয়র সহকারী জজ
বোয়ালখালী সহকারী জজ আদালত
পটিয়া, চট্টগ্রাম

**(মোঃ হাসান জামান)**
সিনিয়র সহকারী জজ
বোয়ালখালী সহকারী জজ আদালত
পটিয়া, চট্টগ্রাম